১২ অসংসা

# গাজীপুর সিটি কর্পোরেশন

## নগর ভবন

প্রশাসন শাখা

gcc.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.১৯.০০০০.০০৪.৯৯.০০১.২০-৯৮৮

তারিখঃ ০৯ বৈশাখ ১৪২৭ বঙ্গাব্দ
২২ এপ্রিল ২০২০খ্রিঃ

**গাজীপুর সিটি কর্পোরেশনের ২২.০৪.২০২০ইং তারিখে অনুষ্ঠিত করোনাভাইরাস (কোভিড-১৯) সংক্রমন প্রতিরোধ ও মোকাবেলা সংক্রান্ত বিশেষ সভার কার্যবিবরণীঃ-**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | **জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলম**<br>মেয়র,<br>গাজীপুর সিটি কর্পোরেশন,গাজীপুর। |
| সভার স্থান | ঃ | সম্মেলন কক্ষ, জোন-০৩ (গাছা), গাজীপুর সিটি কর্পোরেশন। |
| সভার তারিখ | ঃ | ২২.০৪.২০২০ইং, রোজ বুধবার। |
| সভার সময় | ঃ | বেলা ১১.৩০ ঘটিকা। |

**সভায় উপস্থিত/অনুপস্থিত কাউন্সিলরবৃন্দের নামের তালিকাঃ পরিশিষ্ট "ক"**

পবিত্র কোরআন তেলাওয়াতের মাধ্যমে সভার কাজ শুরু করা হয়। পবিত্র কোরআন তেলওয়াত করেন ২৩নং ওয়ার্ডের কাউন্সিলর মাওলানা মুনজুর হোসেন। এরপর মাননীয় মেয়র মহোদয় সম্মানিত অতিথিদের স্বাগত জানিয়ে বক্তব্য প্রদানের জন্য অনুরোধ করেন। সভায় উপস্থিত ছিলেন (১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আলহাজ্ব এডভোকেট আ,ক,ম মোজাম্মেল হক, (২) গাজীপুর-৫ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব মেহের আফরোজ চুমকী, (৩) গাজীপুর-এর সংরক্ষিত আসনের এম,পি জনাব সামসুন্নহার ভূইয়া, গাজীপুর মহানগর আওয়ামীলীগের সভাপতি জনাব এডভোকেট আজমত উল্লাহ্ খানসহ গাজীপুর সিটি কর্পোরেশনের সকল কাউন্সিলরবৃন্দ।

গাজীপুর সিটি কর্পোরেশনের স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ মোহাম্মদ রহমত উল্যাহ্ সংক্ষিপ্ত আকারে গত ২২.০৪.২০২০খ্রিঃ তারিখ পর্যন্ত সিটি কর্পোরেশন এলাকায় করোনা পরিস্থিতির চিত্র নিম্নে তুলে ধরেন ঃ- কোয়ারেন্টিনে আছে-১৩০৫ জন, আইসোলেশনে আছে-৪০ জন, মৃত্যুবরণ করেছেন-০১ জন। এদের মধ্যে ডাক্তার, নার্স ও স্বাস্থ্য কর্মী ২৬ জন। ডাঃ রহমত উল্লাহ্ সভাকে জানান যে, মাননীয় মেয়র মহোদয় ডাক্তার সুরক্ষার জন্য পিপিই, হ্যান্ড গ্লাভস, স্যানিটাইজার, সাবান, ডিজিটাল থার্মোমিটার ৫,০০,০০০/- টাকার ঔষধ এবং ডাক্তার ও নার্সদের থাকার জন্য জন্য ০৫টি রিসোর্ট ভাড়া করেছেন। মৃত্যু ব্যক্তির দাফন কাফনের জন্য গোরস্থানে ইমামদের জন্য পিপিই সরবরাহ করেছেন।

| | | |
|---|---|---|
| **আলোচনা-০২ঃ** সভায় উপস্থিত গাজীপুর সংরক্ষিত আসনের এমপি জনাব সামসুন্নাহার ভূইয়া উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বলেন যে, গাজীপুর সিটি কর্পোরেশনের দেশের অন্যান্য সিটি কর্পোরেশন থেকে আলাদা। গাজীপুর জেলা গার্মেন্টস শিল্প অধ্যুষিত এলাকা। করোনা ভাইরাস- এর কারণে গাজীপুর জেলা লক ডাউন থাকায় হাজার হাজার শ্রমজীবী মানুষ বেকার হয়ে পড়েছে। এখানে অনেক বস্তি বাসী রয়েছে। গাজীপুরের লোক সংখ্যা শ্রমজীবী মানুষ, বস্তি বাসী বেশী বিধায় ওএমএস-এর কার্ড ও ত্রাণ বাড়ানোর আহবান করেন। এছাড়া গাজীপুরে গার্মেন্টস শ্রমিক অসন্তোষ রোধে একটি মনিটরিং সেল গঠনের অনুরোধ করেন এবং সরকারের উর্দ্ধতন মহল মাননীয় প্রধানমন্ত্রীর সঙ্গে কথা বলার পরামর্শ দেন, যেন শ্রমিকদের ঘরে রাখা যায়। যেসব শিল্প মালিক শ্রমিকদের বেতন ভাতা পরিশোধ করেননি, সেসব শিল্প মালিকদের সাথে সমন্বয় করারও পরামর্শ দেন। তিনি আরো বলেন যে, একই লোক যাতে বার বার ত্রাণ না পায়, সেদিকে দৃষ্টি রাখারও অনুরোধ করেন। বস্তি এলাকার লোকজনদের যাতে ত্রাণের আওতায় আনা যায়, এ বিষয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন এবং সকলের সুস্বাস্থ্য কামনা করেন। | ১) গাজীপুর জেলার লোক সংখ্যা বেশী বিধায় ওএমএস-এর কার্ড ও ত্রাণ বাড়ানোর আহবান জানানো হয়।<br><br>২) গাজীপুরের গার্মেন্টস শ্রমিক অসন্তোষরোধে একটি মনিটরিং সেল গঠনের জন্য অনুরোধ করেন এবং সরকারের উর্দ্ধতন মহল মাননীয় প্রধানমন্ত্রীর সঙ্গে কথা বলার অনুরোধ জানিয়ে সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | **বাস্তবায়নে-**<br><br>মাননীয় মেয়র গাজীপুর সিটি কর্পোরেশন |
| **আলোচনা-০৩ঃ** সভায় উপস্থিত গাজীপুর-৫ আসনের সংসদ সদস্য জনাব মেহের আফরোজ চুমকী উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বক্তব্য শুরু করেন। করোনা ভাইরাস সারা পৃথিবী তথা বাংলাদেশ মহামারীর কবলে পড়েছে। তিনি বলেন জনপ্রতিনিধিগণ সম্মিলিত ভাবে ত্রাণ বন্টনের একটি তালিকা করবেন, এমনভাবে যেন ব্যক্তিগত না হয়। তিনি আরো বলেন যে, যারা ল্যাকটেটিং মাদার ভাতা ভোগ করেন, তাদের নাম তালিকা থেকে বাদ দেয়ারও পরামর্শ দেন। | সকল সরকারী ভাতাভোগীদের বাদ দিয়ে অসহায় ও দুঃস্থদের মাঝে ত্রাণ বিতরণের অনুরোধ জানিয়ে সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | **বাস্তবায়নে-**<br><br>আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল) গাজীপুর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| **আলোচনা-০৫ঃ** সভার সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাকে জানান যে, বিশ্বে আজ করোনা ভাইরাস (কোভিড-১৯) মহামারী আকার ধারণ করেছে। বাংলাদেশের মানুষও করোনা ভাইরাসে আক্রান্ত হচ্ছে। বিশেষ করে গাজীপুর জেলা শিল্প নগরী হওয়ায় গাজীপুর-এর সংক্রমণ বেড়েই চলেছে। তিনি জানান যে, করোনা ভাইরাসের কোন ভ্যাকসিন আবিস্কৃত হয়নি, তাই বিশ্ব স্বাস্থ্য সংস্থার স্বাস্থ্য বিধি মেনে চলার আহবান জানান। তিনি প্রথম পর্যায়ে ৬০(ষাট হাজার) অসহায় ও দুঃস্থ পরিবারকে খাদ্য সহায়তা প্রদান করেছেন। তিনি বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে ও রাস্তার অলিতে গলিতে হাত ধোঁয়ার জন্য হ্যান্ড স্যানিটাইজার ও ভ্যাসিন স্থাপন করেছেন। তিনি এই মহামারী করোনা ভাইরাস প্রতিরোধের জন্য বিভিন্ন হাসপাতালের ডাক্তার ও নার্সদের সুরক্ষার নিমিত্তে পিপিই, মাস্ক ও হ্যান্ড গ্লাভস, সাবান ও স্যানিটাইজার প্রদান করেছেন। তিনি সিটি কর্পোরেশন এলাকায় করোনা ভাইরাস সংক্রান্ত সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন প্রকার লিফলেট ও মাইকিং অব্যাহত রেখেছেন। তিনি এই মহামারী করোনা ভাইরাসের হাত থেকে জনগনকে রক্ষা করার জন্য গাজীপুর সিটি কর্পোরেশনের এলাকাকে লক ডাউন ঘোষণা করেছেন।<br><br>সভার সভাপতি সভাকে আরো জানান যে, দ্বিতীয় পর্যায়ে আরো ৬০,০০০(ষাট হাজার) অসহায় ও দুঃস্থ পরিবারকে খাদ্য সহায়তা প্রদান ও ২১৬০০(একুশ হাজার ছয়শত) পরিবারকে ওএমএস-এর আওতায় আনা হবে। তিনি জানান যে, ত্রাণ ও দুর্যোগ মন্ত্রণালয় হতে নগদ অর্থ ও খাদ্য শস্য পেয়েছেন, যা প্রয়োজনের তুলনায় অপ্রতুল। সামনে পবিত্র মাহে রমজান। তাই তিনি করোনা ভাইরাস মোকাবেলার জন্য সিটি কর্পোরেশনের ৫৭টি ওয়ার্ডের কাউন্সিলর এবং মসজিদ, মন্দির কমিটির সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | দ্বিতীয় পর্যায়ে আরো ৬০(ষাট হাজার) অসহায় ও দুঃস্থ পরিবারকে খাদ্য সহায়তা প্রদান এবং ২১৬০০ (একুশ হাজার ছয়শত) ওএমএস কার্ডের মাধ্যমে চাল বিতরণ করার সিদ্ধান্তসহ ত্রাণ ও ওএমএস এর তালিকা ডাটাবেজ আকারে প্রস্তুতের জন্য ওয়ার্ড কাউন্সিলরদেরকে অনুরোধসহ এবং যেখানে যা প্রয়োজন দুর্যোগ মোকাবেলায় সিটি কর্পোরেশন হতে ব্যবস্থা গ্রহণ করারও সিদ্ধান্ত গৃহিত হয়। | **বাস্তবায়নেঃ**<br><br>মাননীয় মেয়র গাজীপুর সিটি কর্পোরেশন। |

| | | |
|---|---|---|
| **আলোচনা-০৬ঃ** সভাপতি মহোদয় সভাকে জানান যে, বর্ষা মৌসুম আগত প্রায়। জনগনের কল্যাণের কথা চিন্তা করে নিম্নে উল্লেখিত প্রকল্প গুলোর নির্মাণ কাজ করার জন্য জরুরী ভিত্তিতে টেন্ডার আহবান করা প্রয়োজনঃ- | সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নে উল্লেখিত প্রকল্পগুলি জরুরী ভিত্তিতে টেন্ডারের মাধ্যমে সম্পন্ন করার সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | **বাস্তবায়নেঃ** প্রকৌশল বিভাগ গাজীপুর সিটি কর্পোরেশন। |

| ক্রমিক নং | প্রকল্পের নাম |
|---|---|
| ০১. | সালনা নিউ চৌরাস্তা হতে নিয়ামত সড়ক পর্যন্ত মাটি ভরাট কাজ এবং সেতু কর্পোরেশনে ঢাকা ময়মনসিংহ রোড হতে জানঝালিয়া মসজিদ হয়ে দক্ষিন দিকে সিটি ভাউন্ডারী পর্যন্ত মাটি ভরাট কাজ। |
| ০২. | সালনা বাজার হতে মজলিজপুর ইটাহাটা পর্যন্ত মাটি ভরাট কাজ। |
| ০৩. | কাথোরা জালা মার্কেট হতে মজলিসপুর বাজার পর্যন্ত মাটি ভরাট করন কাজ এবং কাউলতিয়া জহির উদ্দিন হাই স্কুল হতে সাকাস্বর ব্রীজ পর্যন্ত। |
| ০৪. | রাজেন্দ্রপুর চৌরাস্ত হতে বাংলা বাজার হয়ে সিটির শেষ সীমানা পর্যন্ত মাটি ভরাট করন কাজ এবং গজারিয়াপাড়া ঢাকা ময়মনসিংহ রোড হতে বাংলা বাজার পর্যন্ত। |
| ০৫. | ভাওরাইদ মোড় হতে ভার্গো ফ্যাক্টরী হয়ে সিটির শেষ সীমানা পর্যন্ত মাটি ভরাট কাজ। |
| ০৬. | সালনা বাজার হতে কারখানা বাজার হয়ে জোলার পাড় বাজার পর্যন্ত মাটি ভরাট করন কাজ। |
| ০৭. | সালনা হতে চতর বাজার পর্যন্ত মাটি ভরাট কাজ এবং দেশীপাড়া নতুন বাজার হতে থানা কাউন্সিলর সংযোগ রো পর্যন্ত। |
| ০৮ | বাংলা বাজার আর সি কোলা হতে বাংলাবাজার সিটি কর্পোরেশনের শেষ সীমা পর্যন্ত মাটি ভরাট কাজ এবং ঢাকা ময়মনসিংহ পোড়াবাড়ী হতে হাতিয়াব হয়ে চতর রাজেন্দ্রপুর সংযোগ রোড পর্যন্ত। |
| ০৯. | মৈইশানবাড়ী হতে বাশবাড়ী পর্যন্ত মাটি ভরাট কাজ এবং মাষ্টারবাড়ী হতে কাউলতিয়া নদীর পাড় পর্যন্ত এবং সালনা হতে ভাগলবাড়ী ব্রীজ পর্যন্ত মাটি ভরাট কাজ। |
| ১০. | কাউলতিয়া রাস্তা হতে জোলারপাড় বাজার পর্যন্ত মাটি ভরাট করন কাজ। |
| ১১. | কোনাবাড়ী-কাশিমপুর-নরসিংহপুর রাস্তায় ডিবিএল ঔষধ ফ্যাক্টরীর গেইট হতে সুরাবাড়ী রাইছ মিল সংযোগ রাস্তায় (কালভার্ট অংশে) একটি বিকল্প রাস্তা নির্মাণ- |
| ১২. | কোনাবাড়ী-কাশিমপুর-নরসিংহপুর রাস্তায় জরুন মোড় হতে জিসিসি শেষ সীমানা পর্যন্ত রাস্তার বিভিন্ন অংশ কার্পেটিং এবং এইচবিবি দ্বারা মেরামত করন- |
| ১৩. | কাশিমপুর-নরসিংহপুর রাস্তা হতে কারিমা গোল্ডেন পাবলিক স্কুল এন্ড কলেজ পর্যন্ত রাস্তা আরসিসি করণ (ওয়ার্ড নং-০৫) |
| ১৪. | কাশিমপুর বিএডিসি মোড় হতে শ্রীপুর সংযোগ সড়ক ( মাদার টেক্সটাইল পর্যন্ত) আরসিসি রাস্তা ও ড্রেন নির্মাণ প্রকল্পে মিডিয়ানসহ এইচবিবি করণ- |
| ১৫. | জিতার মোড় হতে পশ্চিম দিকে জিরানী বাজার পর্যন্ত আরসিসি/কার্পেটিং রাস্তা (৬.৭৫ কিঃ মিঃ নির্মাণ প্রকল্পে মিডিয়ানসহ এইচবিবি করণ চেইনেজ- |

| | |
|---|---|
| ১৩. | (ক) জেল খানা রোড থেকে পশ্চিম দিকে এস আলম বাউন্ডারী পর্যন্ত বাউন্ডারী ওয়াল নির্মাণ- |
| | (খ) আফসার মেম্বার সাহেবের বাড়ী হতে পূর্ব দিকে এস আলম বাউন্ডারী পর্যন্ত বাউন্ডারী ওয়াল নির্মাণ- |
| ১৪. | কাশিমপুর শশ্মানঘাট হতে ধনঞ্জয়খালী সরকারী প্রাথমিক বিদ্যালয় রাস্তায় রাজেন্দ্র খালের পাড়ে ও কাশিমপুর নদীর পাড় কৈজুরীর অংশের রাস্তা প্যালাসাইডিং, সলিং এবং মাটি দ্বারা রাস্তা মেরামত- |
| ১৫. | কাশিমপুর শশ্মানঘাট হতে ধনঞ্জয়খালী সরকারী প্রাথমিক বিদ্যালয় রাস্তায় জনাব আলতাবের বাড়ীর সামনের অংশের রাস্তা প্যালাসাইডিং, সলিং এবং মাটি দ্বারা রাস্তা মেরামত- |
| ১৬. | কাশিমপুর শশ্মানঘাট হতে ধনঞ্জয়খালী সরকারী প্রাথমিক বিদ্যালয় রাস্তায় ধনঞ্জয়খালী সরকারী প্রাথমিক বিদ্যালয়ের পার্শ্বে এবং নদীর পাড় জামে মসজিদ এর সামনের অংশের রাস্তা প্যালাসাইডিং, সলিং এবং মাটি দ্বারা রাস্তা মেরামত- |

অতঃপর সভার সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

22/8/2020

মোহাম্মদ জাহাঙ্গীর আলম
মেয়র
গাজীপুর সিটি কর্পোরেশন,
গাজীপুর । 22/8/2020

বিতরনঃ-
কাউন্সিলর (সকল)
গাজীপুর সিটি কর্পোরেশন
গাজীপুর ।

স্মারক নং-৪৬.১৯.০০০০.০০৪.৯৯.০০১.২০২০-৯৮৮/২(২২)

তারিখঃ ০৯ বৈশাখ ১৪২৭ বঙ্গাব্দ
২২ এপ্রিল ২০২০খ্রিঃ

<u>অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ।</u>

০১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
০২. সচিব, গাজীপুর সিটি কর্পোরেশন ।
০৩. প্রধান রাজস্ব কর্মকর্তা,গাজীপুর সিটি কর্পোরেশন ।
০৪. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গাজীপুর সিটি কর্পোরেশন ।
০৫. প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা,গাজীপুর সিটি কর্পোরেশন ।
০৬. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), গাজীপুর সিটি কর্পোরেশন ।
০৭. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা,গাজীপুর সিটি কর্পোরেশন ।
০৮. তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সকল), গাজীপুর সিটি কর্পোরেশন ।
০৯. মেয়র-এর একান্ত সচিব,গাজীপুর সিটি কর্পোরেশন (মাননীয় মেয়র-এর সদয় অবগতির জন্য) ।
১০. প্রধান নির্বাহী কর্মকর্তা-এর ব্যক্তিগত সহকারী, গাজীপুর সিটি কর্পোরেশন (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য) ।
১১. জনাব .......................................................
১২. অফিস কপি ।

22/8/2020

মোহাম্মদ জাহাঙ্গীর আলম
মেয়র
গাজীপুর সিটি কর্পোরেশন ।
22/8/2020